ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯০
বিলোনীয়া, ২৩ এপ্রিল, ২০২৫

**বড়পাথরী লক্ষীপুর এগ্রি স্টোর কমপ্লেক্সের ধান ক্রয় কেন্দ্রে গত অর্থবছরে মোট ১৪ লক্ষ ৮৫ হাজার ৫৬০ কেজি ধান ক্রয়**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের বিলোনীয়ার বড়পাথরীস্থিত লক্ষীপুর এগ্রি স্টোর কমপ্লেক্সের ধান ক্রয় কেন্দ্রে গত অর্থবছরে দুই পর্যায়ে নূন্যতম সহায়ক মূল্যে মোট ১৪ লক্ষ ৮৫ হাজার ৫৬০ কিলোগ্রাম ধান ক্রয় করা হয়েছে। এতে উপকৃত হয়েছেন ৬৪০ জন কৃষক। এরমধ্যে ২০২৪ সালের জুন মাসে ১৯৪ জন কৃষকের কাছ থেকে ৩ লক্ষ ৭২ হাজার ১৯২ কিলোগ্রাম ধান ক্রয় করা হয়েছে। ২০২৫ সালের জানুয়ারী মাসে এই কেন্দ্রে ৪৪৬ জন কৃষকের কাছ থেকে মোট ১১ লক্ষ ১৩ হাজার ৩৬৮ কিলোগ্রাম ধান ক্রয় করা হয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের বিলোনীয়া মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****